



## জাতীয় আলোকচিত্র প্রতিযোগিতা - ২০২৩ ‘উন্নয়নের বাংলাদেশ, নান্দনিক বাংলাদেশ’ নীতিমালা

বাংলাদেশ শিল্পকলা একাডেমি কর্তৃক বাংলাদেশের উন্নয়ন-ভিত্তিক জাতীয় পর্যায়ে ‘উন্নয়নের বাংলাদেশ, নান্দনিক বাংলাদেশ’ শীর্ষক জাতীয় আলোকচিত্র প্রতিযোগিতা - ২০২৩ আয়োজনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

১. প্রতিযোগিতার বিষয়: উন্নয়নের বাংলাদেশ, নান্দনিক বাংলাদেশ।

২. ছবি জমা দেওয়ার শেষ সময়: ১৫ নভেম্বর ২০২৩

৩. ছবি জমা দেয়ার নিয়ম:

- I. যে কোনো বাংলাদেশী নাগরিক বাংলাদেশের উন্নয়ন সংশ্লিষ্ট যে কোনো বিষয়ে আলোকচিত্র জমা দিতে পারবেন;
- II. একজন প্রতিযোগী সর্বোচ্চ ৩টি আলোকচিত্র জমা দিতে পারবেন। সে সাথে পাসপোর্ট সাইজের এককপি ছবি এবং জাতীয় পরিচয়পত্রের কপি জমা দিতে হবে;
- III. ছবি অবশ্যই JPG or JPEG ফরম্যাটে হতে হবে। বড় সাইজে ন্যূনতম ৩০০০ পিক্সেল হতে হবে এবং ছবি ৩০০ DPI এর হতে হবে। ফাইলের আকার ৩-১৫ মেগাবাইটের মধ্যে হতে হবে;
- IV. রঙীন এবং সাদাকালো ছবি গ্রহণযোগ্য। ক্যামেরা ও মুঠোফোনে তোলা আলোকচিত্র পাঠাতে পারেন;
- V. অনলাইনে <https://forms.gle/M৬SRWRsYTQqka৫KBA> এই লিংকে প্রবেশ করে ছবি জমা দিতে হবে;
- VI. জমাকৃত ছবিটি আলোকচিত্রীর নিজের তোলা হতে হবে এবং অন্যদের কোনো কপিরাইট, ট্রেডমার্ক, বা মেধা সম্পত্তির অধিকার লঙ্ঘন করা যাবে না;
- VII. কোনো ফ্রেম, বর্ডার বা কপিরাইট ওয়াটার মার্ক সম্বলিত ছবি গ্রহণযোগ্য হবে না;
- VIII. ইতোপূর্বে প্রতিযোগিতায় নির্বাচিত/প্রকাশিত/প্রদর্শিত ছবি গ্রহণযোগ্য নয়;
- IX. নির্বাচিত আলোকচিত্রীকে অবশ্যই নির্দিষ্ট সময়ের মধ্যে ইমেইল/সরাসরি/ডাকযোগে ছবি জমা দিতে হবে;
- X. প্রদর্শিত ছবি বিক্রির ক্ষেত্রে বাংলাদেশ শিল্পকলা একাডেমির বিদ্যমান বিধি-বিধান অনুসরণ করা হবে;
- XI. ছবি জমাকৃত ‘যাচাই’ করার অধিকার আয়োজক কর্তৃপক্ষ সংরক্ষণ করবে;
- XII. প্রতিযোগিতার সুবিধার্থে জমাকৃত আলোকচিত্র প্রচারের উদ্দেশ্যে আয়োজক কর্তৃপক্ষ ব্যবহার করতে পারবে;

**৪. পুরস্কার প্রদান:**

- ক. প্রতিযোগিতায় প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অধিকারী আলোকচিত্রীকে যথাক্রমে ৫০,০০০/- , ৪০,০০০/- এবং ৩০,০০০/- অর্থ-পুরস্কার প্রদান করবে, এছাড়াও স্মারক ও সনদ প্রদান করা হবে।
- খ. ১০টি সম্মানসূচক ১০,০০০/- অর্থ-পুরস্কার প্রদান করা হবে।
- গ. বাংলাদেশ শিল্পকলা একাডেমি প্রতিযোগিতা আয়োজন ও ফলাফল ঘোষণাসহ পুরস্কার বিতরণী অনুষ্ঠান আয়োজন করবে।
- ঘ. পুরস্কারপ্রাপ্ত সকল আলোকচিত্রের স্বত্ব বাংলাদেশ শিল্পকলা একাডেমি সংরক্ষণ করবে।

**৫. যোগাযোগের ঠিকানা:**

পরিচালক, চারুকলা বিভাগ, বাংলাদেশ শিল্পকলা একাডেমি ১৪/৩, সেগুনবাগিচা, রমনা, ঢাকা, ফোন: ২২২৩৩৮০৬০২, ০১৯১৪৮৫৪৮১২ ইমেইল: [bsaphotographyexhibition@gmail.com](mailto:bsaphotographyexhibition@gmail.com)

লিয়াকত আলী লাকী  
মহাপরিচালক  
বাংলাদেশ শিল্পকলা একাডেমি